যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
JASHORE PALLI BIDYUT SAMITY-2

প্রধান কার্যালয়
মনিরামপুর, যশোর।

E-mail: jessorepbs2@gmail.com, Web: pbs2.jessore.gov.bd টেলিফোন: অফিস: ০২৪৭৭৭৬৪৯০৬

স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০০০.০২.০০৮.২৬. ৪৬০৩ তারিখঃ ০২ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ। / ১৭ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

"আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যশোর জেলার মামলা মোকর্দ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। যারা আইন ব্যবসায় জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে অন্তত: কমপক্ষে ০৮ (আট) বছর যাবৎ (শুধুমাত্র যশোর জেলায়) নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল বিচারক যারা আইন ব্যবসায়ে জেলা (শুধুমাত্র যশোর জেলা) পর্যায়ে নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।

০৩। আইন উপদেষ্টা পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ০২(দুই) মাসের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।

০৪। মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা মাত্র) টাকা রিটেইনার ফিসহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীমকোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।

০৫। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। উক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম, পিতা ও মাতার নাম (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (গ) আইন পাসের সনদপত্র (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (ঙ) এ্যাডভোকেট হিসেবে বার কাউন্সিলের এনরোলমেন্টের সনদপত্র (চ) আইন ব্যবসায়ের সময়কাল/সহকারী জজ কোর্ট/ থানা কোর্ট, জজ কোর্ট, সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপীল ডিভিশন ওয়ারী (ছ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতার সনদ (জ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি ও নাগরিকত্বের সনদপত্র এবং (ঝ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত এবং অন্যান্য প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ পূর্বক আগামী ০২/১২/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর পৌঁছাতে হবে।

০৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ হাবিবুজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। জেলা ও দায়রা জজ, যশোর।
০৩। জেলা প্রশাসক, যশোর।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো,ঢাকা
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪-
০৬। সভাপতি, জেলা আইনজীবি সমিতি/প্রেস ক্লাব/বার কাউন্সিল, যশোর।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মনিরামপুর/কেশবপুর/অভয়নগর, উপজেলা,যশোর।
০৮। ভিজিএম (কারিগরী/নওয়াপাড়া/কেশবপুর/লক্ষীপাশা/কালিয়া) জোনাল অফিস, যশোর পবিস-২।
০৯। এজিএম (ওএন্ডএম), রাজগঞ্জ/সাগরদাড়ী/সিংগাড়ী,সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
১০। এজিএম (অর্থ-হিঃ/রাঃ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি),যশোর পবিস-২।
১১। এজিএম (আইটি), যশোর পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
১২। নোটিশ বোর্ড (সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিস), যশোর পবিস-২।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

জেনারেল ম্যানেজার

E:\OFFICE SECRETARY ASIC\2025\AGM (HR)\200.08 (Neauge Biggopte).doc

bekarsfeed.com